



সন্ত্রাসবিরোধী মামলায় সাংবাদিক আনিস আলমগীরের ৫ দিনের রিমান্ড



সংগৃহীত ছবি

উত্তরা পশ্চিম থানায় দায়ের করা সন্ত্রাসবিরোধী আইনের মামলায় সাংবাদিক আনিস আলমগীরকে পাঁচ দিনের রিমান্ডে নেওয়ার অনুমতি দিয়েছেন আদালত। সোমবার (১৫ ডিসেম্বর) ঢাকার অ্যাডিশনাল চিফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট জশিতা ইসলামের আদালত শুনানি শেষে এ আদেশ দেন।

এর আগে মামলার তদন্ত কর্মকর্তা, উত্তরা পশ্চিম থানার পরিদর্শক মুনীরুজ্জামান, আসামিকে অধিকতর জিজ্ঞাসাবাদের প্রয়োজন দেখিয়ে সাত দিনের রিমান্ড আবেদন করেন। তবে আদালত তা আংশিক মঞ্জুর করে পাঁচ দিনের রিমান্ড অনুমোদন দেন।

এ মামলায় সাংবাদিক আনিস আলমগীর ছাড়াও অভিনেত্রী মেহের আফরোজ শাওনসহ মোট চারজনকে অভিযুক্ত করা হয়েছে। অন্য আসামিরা হলেন—মডেল মারিয়া কিশপট্ট এবং ইমতু রাতিশ ইমতিয়াজ।

জানা গেছে, গত রোববার (১৪ ডিসেম্বর) দিবাগত রাত আড়াইটার দিকে জুলাই রেভল্যুশনারি অ্যালায়েন্সের কেন্দ্রীয় সংগঠক আরিয়ান আহমেদ উত্তরা পশ্চিম থানায় অভিযোগ দায়ের করেন। অভিযোগটি যাচাই শেষে পুলিশ সেটিকে মামলা হিসেবে নথিভুক্ত করে। মামলায় রাষ্ট্রের বিরুদ্ধে অপপ্রচার চালানোর অভিযোগ আনা হয়েছে।

এর আগে রোববার সন্ধ্যা সাড়ে সাতটার দিকে রাজধানীর ধানমণ্ডি এলাকার একটি জিম থেকে সাংবাদিক আনিস আলমগীরকে আটক করে ঢাকা মহানগর গোয়েন্দা পুলিশের কার্যালয়ে নিয়ে যাওয়া হয়।